Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 26 March, 2025

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম নিজের ভেরিফায়েড ফেসবুক প্রোফাইলে একটি স্ট্যাটাস দিয়েছেন।ইংরেজি ভাষায় দেয়া ওই স্ট্যাটাসে স্বাধীনতা মানে কী সেই বিষয়ে নিজের ব্যক্তিগত মতামত তুলে ধরেছেন তিনি।

বুধবার (২৬ মার্চ) দুপুরে দেওয়া ওই পোস্টে তিনি লেখেন, 'স্বাধীনতা মানে শাহীনবাগের সরু গলিতে একা হাঁটা, কিংবা এই ভিড়ঠাসা, কোলাহলময় শহরের যেকোনো প্রান্তে নিজের ইচ্ছেমতো ঘোরা। স্বাধীনতা মানে আমার মাগুরার গ্রামে গাছের ছায়ায় ঢাকা রাস্তায় সাইকেলভ্যানে চড়ে বসা।স্বাধীনতা মানে গড়াই নদীতে নৌকা ভাসানো কিংবা কোনো চায়ের দোকানে বসে বর্ষার বৃষ্টিকে নদীর বুকে ঝরে পড়তে দেখা।স্বাধীনতা মানে দেশের প্রতিটি বিতর্কিত বিষয় নিয়ে লিখতে পারা, এই ভয় ছাড়াই যে একদিন গুম হয়ে যাব বা গ্রেপ্তার হব! স্বাধীনতা মানে দিনভর বইয়ের পাতায় ডুবে থাকা।

তিনি আরও লিখেছেন, 'স্বাধীনতা মানে ফেসবুকে অন্তহীন ব্যঙ্গাত্মক পোস্ট দেওয়া।স্বাধীনতা মানে পেঁয়াজখেত আর ধানখেতের পথ ধরে হাঁটা।স্বাধীনতা মানে নারোদের চায়ের দোকান আর দিলীপের সেলুনে বসে আড্ডা মারা।স্বাধীনতা মানে হালকা ঠাণ্ডা ফেব্রুয়ারির রোদে গা সেঁকা কিংবা ঢাকা শহরের কোনো মোড়ে কালবৈশাখীর ঝড়ের মধ্যে আটকে পড়া।স্বাধীনতা মানে অবিরাম আড্ডাবাজি।স্বাধীনতা মানে বাবা-মায়ের কবরের পাশে একা দাঁড়িয়ে পরকাল নিয়ে ভাবা, আর দুইটি আত্মার সঙ্গে নতুন করে সংযোগ খোঁজা– যারা কখনোই চাইতেন না, আমি এই দেশ ছেড়ে যাই!'

প্রেস সচিব. প্রধান উপদেষ্টা স্বাধীনতা ও জাতীয় দিবস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:05

URL: https://www.timestodaybd.com/bangladesh/77759826